

কাফ | Qaf | ق

আয়াতঃ ৫০ : ৩৩

আরবি মূল আয়াত:

مَنْ خَشِيَ الرَّحْمَنَ بِالْغَيْبِ وَ جَاءَ بِقَلْبٍ مُنِيبٍ ﴿٣٣﴾

অনুবাদসমূহ:

যে না দেখেই রহমানকে ভয় করত এবং বিনীত হৃদয়ে উপস্থিত হত। — আল-বায়ান

যে না দেখেই দয়াময় (আল্লাহকে) ভয় করত, আর আল্লাহর নির্দেশ পালনের জন্য বিনয়ে অবনত অন্তর নিয়ে উপস্থিত হত। — তাইসিরুল

যারা না দেখেই দয়াময় আল্লাহকে ভয় করে এবং বিনীত চিত্তে উপস্থিত হয় - — মুজিবুর রহমান

Who feared the Most Merciful unseen and came with a heart returning [in repentance]. — Sahih International

৩৩. যারা গায়েব অবস্থায় দয়াময় আল্লাহকে ভয় করেছে এবং বিনীত চিত্তে উপস্থিত হয়েছে—

-

তাফসীরে জাকারিয়া

(৩৩) যারা না দেখে পরম দয়াময়কে ভয় করে এবং (আল্লাহ)-অভিমুখী চিত্তে উপস্থিত হয়। [1]

[1] আল্লাহর দিকে প্রত্যাবর্তনকারী, অভিমুখী ও তাঁর আনুগত্যশীল অন্তর। কিংবা অর্থ শিরক এবং পাপাচারের অপবিত্রতা থেকে পবিত্র অন্তর।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4663>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন